# জে এস সি পরীক্ষা - ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ▶ ছক

| |
|---|
| ১। মুদ্রণযন্ত্র প্রতিষ্ঠা |
| ২। সংবাদপত্র প্রকাশ |
| ৩। স্কুল শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা |
| ৪। বাংলা সাহিত্যের বিকাশ |

ক. দ্বৈতশাসন কী? ১

খ. বৃহত্তর বাঙালি সমাজ কেন শোষিত হয়েছে? ব্যাখ্যা করো। ২

গ. ছকে উল্লিখিত বিষয়টি বাংলার ইতিহাসের কোন ঘটনাকে প্রতিফলিত করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'শিক্ষা সচেতনতার বিকাশই ঔপনিবেশিক শাসনের অবসান ঘটিয়েছিল? তুমি কি একমত? ছকের আলোকে বিশ্লেষণ করো। ৪

২. ★ সারা ঈদের কেনাকাটা করতে খন্দকার টাওয়ারে যায়। সে একটি দোকানে নকশা করা সিল্ক শাড়ী দেখে মুগ্ধ হয় এবং কিনে নেয়। সে তার দাদীর কাছ থেকে শুনেছে এই ধরনের শাড়ীর ঐতিহ্য ও জনপ্রিয়তা বিশ্বখ্যাত ছিল।

ক. সংস্কৃতি কাকে বলে? ১

খ. সাংস্কৃতিক ব্যাপ্তি ঘটে কেন? ২

গ. সারার পছন্দের শাড়ীটি পাঠ্যপুস্তকের কোন শিল্পকর্মের পরিচয় বহন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাঙালির ঐতিহ্যবাহী সংস্কৃতি বিকাশে ও উন্নয়নে উক্ত শিল্পকর্মের তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৩. ★ দুই বন্ধু মনির ও নজরুলের মাঝে অনেকদিন পর দেখা হওয়ায় আলাপ চারিতায় অনেক কথা হয়।

নজরুল বলে: আমি এমন সেক্টরে কাজ করি সেখানে ২০১৫-১৬ অর্থবছরে জাতীয় উৎপাদন প্রায় ১,৯০,০০০ কোটি টাকা এবং প্রবৃদ্ধির হার প্রায় ১.৬০ শতাংশ।

মনির বলে: অনেক দিন পরে দেশের অগ্রগতি দেখে আমি হতবাক। সে বলে আমরা ২০১৫-১৬ অর্থবছরে আয় ১২,৩০০ মিলিয়ন মার্কিন ডলার দেশে পাঠিয়েছি।

https://teachingbd24.com

ক. মোট দেশজ উৎপাদন কী? ১
খ. মাথাপিছু আয় বৃদ্ধির ফলে জীবনতযাত্রার মান পরিবর্তন হয় না কেন? ২
গ. উদ্দীপকের নজরুলের আয়ের খাতটি ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের কোন বন্ধুর কর্মকাণ্ডের ক্ষেত্রটিকে বাংলাদেশের উন্নয়নে অধিকতর উপযোগী বলে মনে কর? তোমার মতামত দাও। ৪


৪. ▶ রাজ্জাক গ্রামের স্কুলে পড়ে। সে মার নিকট টাকা চাওয়ায় না দেওয়াতে বাবার পকেট থেকে নেয়। বাবা অফিসে যাওয়ার পর কক্ষ বন্ধ করে বন্ধুদের সাথে আড্ডা দেয়। রাজ্জাকের বন্ধুরা চলে যাবার পর মা দেখতে পায় টেবিলের নিচে সিগারেটের অংশ ও ম্যাচ। মা বাবাকে বললে বাবা রাজ্জাককে কঠোর শাস্তি দেয়।

ক. কিশোর অপরাধ কী? ১
খ. প্রতিভাবান শিক্ষার্থীরা অপরাধী হয় কেন? ২
গ. উদ্দীপকে রাজ্জাকের কর্মকাণ্ড কোন ধরনের সামাজিক সমস্যা অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. রাজ্জাককে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে তারা বাবার উদ্যোগটিই কি যথাযথ উপায়? যুক্তি দাও। ৪

৫. ★



ছক-১



ছক-২

ক. মানবসম্পদ কী? ১
খ. কৃষিভিত্তিক সমাজ ব্যবস্থা তৈরীর প্রয়োজন কেন? ২
গ. ছক—১ এর শিল্পটির ধরন ও গুরুত্ব ব্যাখ্যা করো। ৩
ঘ. নারীর ক্ষমতায়ন ও দেশের অগ্রগতিতে ছক—১ ও ছক—২ এর কোন শিল্পটি অধিকতর কার্যকর বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

Teachingbd24.com

৬. ▶ নাফী একটি ১৪ বছরের ছেলে। সে মা-বাবার সাথেই থাকে। মা-বাবাসহ পরিবারের সকলে ধার্মিক। নাফি সব সময় ধর্মীয় অনুশাসন মেনে চলে। নাফির ছোট বোন নাভা পঞ্চম শ্রেণিতে পড়ে। সে টিভিতে ছোটদের অনুষ্ঠান এবং তথ্য ও শিক্ষামূলক অনুষ্ঠান দেখে।

ক. অভিভাবন কী? ১

খ. কোন ধরনের পরিবারে শিশুর আচরণে সহযোগিতামূলক গুণ অর্জন হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে নাফির সামাজিকীকরণে কোন দিকটিকে উল্লেখ করা হয়েছে? তার ব্যাখ্যা করো। ৩

ঘ. নাফির বিকাশের ক্ষেত্রে উক্ত মাধ্যমটির কোন ধরনের প্রভাব কাজ করছে? বিশ্লেষণ করো। ৪

৭. ★

| ছক—ক | ছক—খ |
|---|---|
| প্রধান মেয়র | রাষ্ট্রপতি নিয়োগদান করে। |
| ২৯ সদস্য বিশিষ্ট | আইন অনুসারে কাজ করে। |
| সুষ্ঠুভাবে ঘরবাড়ি তৈরি করে | মানুষের জীবনকে সুন্দর করে। |

Teachingbd24.com


ক. সংসদীয় সরকার কী? ১

খ. জাতীয়তাবাদের প্রভাব ব্যাখ্যা করো। ২

গ. ছক—ক যে স্থানীয় সরকারের প্রতিনিধিত্ব করে, তার গঠন ও কাজ ব্যাখ্যা করো। ৩

ঘ. ছক—খ এর তথ্য নির্দেশকারী অঙ্গটি ব্যক্তির মৌলিক অধিকার ও রাষ্ট্রের ভাবমূর্তি উন্নয়নে সহায়ক? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৮. ★




ক. জনসংখ্যা নীতির প্রথম মূল লক্ষ্যটি কী? ১

খ. জনসংখ্যা নিয়ন্ত্রণে সরকারি কোন উদ্যোগকে অগ্রাধিকার দেওয়া হয়? ব্যাখ্যা করো। ২

গ. ছকে জনসংখ্যার নিয়ন্ত্রণের কোন ধরনের উদ্যোগের নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনসংখ্যা নিয়ন্ত্রণে উক্ত উদ্যোগের কর্মসূচিগুলো জনসংখ্যাকে মানবসম্পদে পরিণত করতে সক্ষম? তোমার মতামত দাও। ৪

৯.▶ হোসাইন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সম্মান ভর্তি পরীক্ষা দিতে গিয়ে বিশ্ববিদ্যালয়ের পাশে পার্ক দেখে। পরীক্ষা শেষে সে তার বন্ধু এমরানসহ পার্কে যায়। হোসাইনের পার্কটি দেখে ভাল লাগে। তাদের মাঝে পার্ক নিয়ে অনেক কথা হয়। এক পর্যায়ে এমরান বলে, 'পার্কের সাথে জড়িত করুণ ইতিহাস পার্কটির জন্য একটি কালো অধ্যায়।'

ক. প্রত্নতত্ত্ব কী? ১

খ. ১৯৬৯ সালে প্রতিষ্ঠিত জাদুঘরটির প্রত্নতাত্ত্বিক নিদর্শনের পরিচয় দাও। ২

গ. দৃশ্যপটের পার্কটি কোন স্থাপত্যের নির্দেশক? বর্ণনা করো। ৩

ঘ. এমরানের মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

১০. ★ নিম্নে 'ক' দেশের ২০০৫ সালের মানব উন্নয়ন সূচকের তথ্য সারণী দেওয়া হলো:

| সঞ্চয় (% জাতীয় আয়) | স্কুলে ভর্তি (% হার ছেলে মেয়ে) | বেকারত্বের হার (শ্রমশক্তির %) |
|---|---|---|
| ১২.৪ | ৪৯.৯ | ৫.০১ |

ক. মানব উন্নয়ন সূচক কী? ১

খ. 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পটি ব্যাখ্যা করো। ২

গ. সারণীর 'ক' স্থানে কোন দেশের মানব উন্নয়ন সূচকের নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সারণীতে উল্লিখিত 'ক' স্থানের দেশটির উন্নয়ন সূচকের সাথে বাংলাদেশের সূচকের বিশ্লেষণ করো। ৪

১১.▶ মানার নবম শ্রেণির ছাত্র। সে পড়ালেখার অবসরে মোবাইলে গেম খেলে ও ফেসবুক ব্যবহারের মাধ্যমে আনন্দ লাভ করে। মানারের মতো বয়সে তার বাবা পালাগান ও পুঁথিপাঠের আসরে আনন্দ পেত।

ক. সাংস্কৃতায়ন কী? ১

খ. শিশুর বয়স বৃদ্ধির সাথে জ্ঞান বৃদ্ধির একাত্মতা প্রকাশকে কী বলে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বাংলাদেশের সাংস্কৃতিক পরিবর্তনে কীসের প্রভাব ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের উক্ত বিষয়টিই কি বাংলাদেশের সাংস্কৃতিক পরিবর্তনের একমাত্র প্রভাব? তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ দক্ষিণ ভারতের কর্ণাটক থেকে এসে কারা বাংলার সিংহাসন দখল করেন?
   ক আর্যরা   খ গুপ্তরা
   গ সেনরা   ঘ মৌর্যরা

২. চার শতকে গুপ্ত সাম্রাজ্যের অধিকারে আসে—
   i. উত্তর বাংলা
   ii. উত্তর পূর্ব বাংলা
   iii. দক্ষিণ পূর্ব বাংলার অংশ
   নিচের কোনটি সঠিক?
   ক i ও ii   খ i ও iii
   গ ii ও iii   ঘ i, ii ও iii

৩. ★ দ্বৈতশাসন প্রবর্তনের পর কোম্পানি কী পেল?
   ক বিচার বিভাগের দায়িত্ব
   খ ক্ষমতাহীন দায়িত্ব
   গ দায়িত্বহীন ক্ষমতা
   ঘ শাসন বিভাগের দায়িত্ব

৪. ১৯৫৭ সালের সিপাহি বিদ্রোহের নেতৃত্ব দেন কে?
   ক ঝাঁসির রানি লক্ষ্মীবাই
   খ তাঁতিয়া টোপি
   গ বাহাদুর শাহ জাফর
   ঘ হাবিলদার রজব আলী

৫. ★ খ্রিষ্টধর্ম প্রচারের কর্মকাণ্ডের সাথে নানান সামাজিক কাজের কে নিয়োজিত ছিলেন?
   ক ডিরোজিও   খ স্যার ইউলিয়াম কেরি
   গ লর্ড কার্জন   ঘ লর্ড ক্যানিং

৬. সুলতানি আমল থেকে বাংলার স্থাপত্য শিল্পে কী ধরনের প্রভাব পড়তে শুরু করে?
   ক মিশরীয়   খ পারস্য
   গ ইরানি   ঘ তুর্কী

৭. সাংস্কৃতিক পরিবর্তনের মাধ্যমে উন্নয়ন ঘটে মানুষের—
   i. সৃজনশীলতায়
   ii. চিন্তাশক্তিতে
   iii. সৃষ্টিশীলতায়
   নিচের কোনটি সঠিক?
   ক i ও ii   খ i ও iii
   গ ii ও iii   ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও

মাসুম শিক্ষা সফরে দিনাজপুর ঘুরতে গিয়ে একটি পোড়ামাটির মন্দির দেখে।

৮. মাসুমের দেখা মন্দিরটির নাম কী?
   ক অশোক মন্দির
   খ কান্তজির মন্দির
   গ স্বর্ণ মন্দির
   ঘ শ্রীকৃষ্ণ মন্দির

৯. উক্ত মন্দিরে কোন কাহিনী ফুটিয়ে তোলা হয়েছে?
   ক মঙ্গলকাব্যের   খ মহাভারতের
   গ চর্যাপদের   ঘ রামায়ণের

১০. বলধার জমিদার কে ছিলেন?
   ক নরেন্দ্র নারায়ণ
   খ নরেন্দ্র রায়
   গ নরেন্দ্র নারায়ণ রায়
   ঘ নরেন্দ্র নারায়ণ রায় চৌধুরি

১১. বর্গাকার ও সমতল ছাদযুক্ত এ স্থাপত্য প্রাচীন গ্রিসের কোন রীতি অনুসৃত হয়েছে?
   ক ডায়েস রীতি   খ ডরিক রীতি
   গ মোঘল রীতি   ঘ স্থাপত্য রীতি

১২. পানামনগরে সারিবদ্ধ ইমারাত কারা নির্মাণ করেন?
   ক জমিদারগণ   খ মোঘল শাসকগণ
   গ ধনী ব্যবসায়ী   ঘ আমলারা

১৩. ★ লিবানা ছোট শিশু। সে অনুকরণের মাধ্যমে শিখে—
   i. উচ্চারণ
   ii. বাচনভঙ্গি
   iii. ভাষা
   নিচের কোনটি সঠিক?
   ক i ও ii   খ i ও iii
   গ ii ও iii   ঘ i, ii ও iii

১৪. কীসের উপর বিশ্বায়নের গুরুত্বপূর্ণ ও শক্তিশালী প্রভাব লক্ষ করা যায়?
   ক ব্যক্তির সামাজিকীকরণে
   খ গ্রামীণ সামাজিকীকরণে
   গ শহুরে সামাজিকীকরণে
   ঘ বৈশ্বিক সামাজিকীকরণে

Teachingbd24.com

১৫. ২০১৫-২০১৬ অর্থবছরে এপ্রিল পর্যন্ত মোট দেশজ উৎপাদন কত কোটি টাকা?
ⓚ ১৭,২৯,৫৬৭ ⓚ ১৫,১৩,৬০০
ⓖ ১,৮৯,২৭২ ⓖ ১,৭৬,৫০০

১৬. ২০১৫-২০১৬ অর্থবছরে জাতীয় আয়ের কোন খাতে প্রবৃদ্ধির হার সবচেয়ে বেশি?
ⓚ কৃষি ও বনজ ⓚ মৎস্য
ⓖ শিল্প ⓖ স্বাস্থ্য ও সেবা

১৭. ২০০৯ সালে বাংলাদেশে সাক্ষরতার হার কত ছিল?
ⓚ ৪৮.৪ জন ⓚ ৫৪.৮ জন
ⓖ ৬৪.৮ জন ⓖ ৭১.৬ জন

১৮. ★ বাংলাদেশের সংবিধানের সর্বশেষ সংশোধনী কখন হয়?
ⓚ ২২ শে জুন ২০১২
ⓚ ২২ শে আগস্ট ২০১২
ⓖ ২২ শে সেপ্টেম্বর ২০১৪
ⓖ ২২ শে নভেম্বর ২০১৪

১৯. সরকার পরিচালনায় কোনটি নিশ্চিত করা প্রয়োজন?
ⓚ ব্যক্তি অধিকার ⓚ আত্মনির্ভরশীলতা
ⓖ ব্যক্তিস্বার্থ ⓖ জবাবদিহিতা

২০. বাংলাদেশ সরকারব্যবস্থার বৈশিষ্ট্য হচ্ছে—
i. মন্ত্রিপরিষদ শাসিত সরকার
ii. গণতান্ত্রিক সরকার
iii. যুক্তরাষ্ট্রীয় সরকার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২১. শিল্পের বিকাশের জন্য কোনটি প্রয়োজন?
ⓚ নতুন ব্যাংক প্রতিষ্ঠা
ⓚ জনশক্তি রপ্তানি
ⓖ উদ্যোগ
ⓖ নগরায়ণ

২২. ★ বাংলাদেশ সরকারের নির্বাহী ক্ষমতা কার উপর ন্যস্ত থাকে?
ⓚ রাষ্ট্রপতি ⓚ প্রধানমন্ত্রী
ⓖ আইনমন্ত্রী ⓖ প্রধান বিচারপতি

২৩. অদক্ষ জনগোষ্ঠী বলতে কোনটি বোঝায়?
ⓚ অশিক্ষিত জনগোষ্ঠী
ⓚ অর্ধ-শিক্ষিত জনগোষ্ঠী
ⓖ কর্মহীন জনগোষ্ঠী
ⓖ প্রশিক্ষণবিহীন জনগোষ্ঠী

২৪. মি. সুখান থাইল্যান্ডের নাগরিক। সেদেশের কিশোর অপরাধের বয়সসীমা নিচের কোনটি?
ⓚ ৭-১৬ বছর ⓚ ৭-১৮ বছর
ⓖ ৭-২০ বছর ⓖ ১৪-২০ বছর

২৫. জনসংখ্যা নিয়ন্ত্রণে সচেতনতামূলক কার্যক্রম কোনটি?
ⓚ পোস্টার ⓚ সিনেমা
ⓖ টিকাদান ⓖ স্বাস্থ্যসেবা

২৬. শিশুরা কীসের প্রভাবে সুস্থ ও সুন্দর জীবনযাপনে আগ্রহী হয়?
ⓚ তথ্যের ⓚ বন্ধুদের
ⓖ শিক্ষার ⓖ সংঘতার

২৭. মি. সফিক সাহেব পাবলিক পরিবহনে ধূমপান করেন। তাঁর দণ্ডের পরিমাণ নিচের কোনটি হতে পারে?
ⓚ ৫০০ টাকা অর্থদণ্ড ⓚ ৪৫০ টাকা অর্থদণ্ড
ⓖ ৩৫০ টাকা অর্থদণ্ড ⓖ ৩০০ টাকা অর্থদণ্ড

২৮. ২০১৪-১৫ অর্থবছরে 'সাদা সোনা' উৎপাদনের পরিমাণ কত মেট্রিক টন ছিল?
ⓚ ৪.২৭ লক্ষ ⓚ ৩.৩৭ লক্ষ
ⓖ ২.২৭ লক্ষ ⓖ ১.০৭ লক্ষ

২৯. নারীর ক্ষমতায়নে সরকারের উদ্যোগ কোনটি?
ⓚ চাকরিতে কোটা প্রথা চালু
ⓚ নারী শিক্ষার প্রসার
ⓖ গণশিক্ষার ব্যবস্থা
ⓖ বিনামূল্যে বই বিতরণ

৩০. মি. নুরুল ইসলাম স্থানীয় সরকারের প্রতিনিধি। তিনি পরিবার পরিকল্পনা কর্মসূচি পালনের লক্ষ্যে গণসচেতনতা সৃষ্টিতে সহায়তা করেন। উক্ত কাজটি কোন স্থানীয় সংস্থার কাজ?
ⓚ জেলা পরিষদ ⓚ পৌরসভা
ⓖ উপজেলা ⓖ ইউনিয়ন পরিষদ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓖ | ২ | ⓚ | ৩ | ⓖ | ৪ | ⓖ | ৫ | ⓚ | ৬ | ⓖ | ৭ | ⓖ | ৮ | ⓚ | ৯ | ⓖ | ১০ | ⓖ | ১১ | ⓚ | ১২ | ⓖ | ১৩ | ⓖ | ১৪ | ⓚ | ১৫ | ⓚ |
| ১৬ | ⓖ | ১৭ | ⓚ | ১৮ | ⓖ | ১৯ | ⓖ | ২০ | ⓚ | ২১ | ⓖ | ২২ | ⓚ | ২৩ | ⓖ | ২৪ | ⓚ | ২৫ | ⓚ | ২৬ | ⓚ | ২৭ | ⓖ | ২৮ | ⓖ | ২৯ | ⓚ | ৩০ | ⓖ |

https://teachingbd24.com